



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশাসন/বালকাঠী-৯৭/ ২৭২৬

তারিখঃ ৯ /১০/২০১৭খ্রিঃ

বিষয় : রিট পিটিশন নং- ৪৩৭৬/২০১৩ প্রত্যাহার করে বোর্ডকে অবহিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বালকাঠী জেলার নলছিটি উপজেলাধীন কুলকাঠি শহিদিয়া বহুমুখী দাখিল মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপার মাওলানা মোঃ ওয়াহিদুজ্জামান কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং- ৪৩৭৬/২০১৩ এর প্রেক্ষিতে অত্র বোর্ডের চেয়ারম্যানকে ০৩ (তিন) সপ্তাহের মধ্যে তদন্ত করে প্রতিবেদন দাখিল করার জন্য মহামান্য হাইকোর্ট আদেশ জারি করেন।

মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ বাস্তবায়নের নিমিত্ত ভারপ্রাপ্ত সুপার মাওলানা মোঃ ওয়াহিদুজ্জামান এবং মাওলানা মোঃ মাসুদুর রহমান (ভারপ্রাপ্ত সুপার, বরখাস্তকৃত) তাদের দাবীর পক্ষে যাবতীয় কাগজপত্রসহ প্রথমে ১৭/০৮/২০১৭খ্রিঃ তারিখে এবং পরবর্তীতে ১২/০৯/২০১৭খ্রিঃ তারিখে বোর্ডে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।

পত্রের প্রেক্ষিতে উভয়পক্ষ গত ১২/০৯/২০১৭খ্রিঃ তারিখে উপস্থিত হন এবং তাদের দাবীর পক্ষে যাবতীয় কাগজপত্র ও লিখিত বক্তব্য বোর্ডে দাখিল করেন। এছাড়া রিট পিটিশন নং- ৪৩৭৬/২০১৩ দায়েরকারী ভারপ্রাপ্ত সুপার মাওলানা মোঃ ওয়াহিদুজ্জামান তাঁর বক্তব্যে “বর্তমানে সুপার যোগদান করায় ভারপ্রাপ্ত সুপার পদ নিয়ে আমার রিট পিটিশন নং-৪৩৭৬/২০১৩ কার্যকারিতা না থাকায় উক্ত রিট পিটিশনটি আমি প্রত্যাহার করার সিদ্ধান্ত নিলাম” মর্মে উল্লেখ করেছেন।

বর্ণিত অবস্থায় মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং- ৪৩৭৬/২০১৩ জরুরী ভিত্তিতে প্রত্যাহার করে বোর্ডকে অবহিত করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


০৪.১০.১৭

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৫৮৬১০২১৬

প্রাপকঃ মাওলানা মোঃ ওয়াহিদুজ্জামান, ভারপ্রাপ্ত সুপার
কুলকাঠি শহিদিয়া বহুমুখী দাখিল মাদ্রাসা, নলছিটি, বালকাঠী।

নং- বামাশিবো/প্রশাসন/বালকাঠী-৯৭/

তারিখঃ /১০/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, বালকাঠী।
২. উপজেলা নির্বাহী অফিসার, নলছিটি, বালকাঠী।
৩. জেলা শিক্ষা অফিসার, বালকাঠী।
৪. সভাপতি, কুলকাঠি শহিদিয়া বহুমুখী দাখিল মাদ্রাসা, নলছিটি, বালকাঠী।
৫. সুপার, কুলকাঠি শহিদিয়া বহুমুখী দাখিল মাদ্রাসা, নলছিটি, বালকাঠী।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৭৪৮৭৪